দৈনিক ইত্তেফাক

তারিখ: 24 FEB 2016
পৃষ্ঠা: 6 কলাম: 2

# আশা ভার্সিটির শিক্ষার্থীদের সড়ক অবরোধ, দুর্ভোগ

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর বনানীতে সোমবার পুলিশের গাড়ির ধাক্কায় আশা বিশ্ববিদ্যালয়ের ছাত্র রিয়াজউদ্দিন অপুর মৃত্যুর ঘটনায় গতকাল মঙ্গলবার শ্যামলীতে সড়ক অবরোধ করে তার সহপাঠীরা। শিক্ষার্থীদের অবরোধ ও বিক্ষোভের কারণে ব্যস্ততম মিরপুর সড়কে প্রায় দেড় ঘন্টা যান চলাচল বন্ধ থাকে। এতে আশপাশের সড়কে সৃষ্টি হয় যানজট। দুর্ভোগে পড়েন বিভিন্ন গন্তব্যের মানুষ। পরে শিক্ষার্থীরা অবরোধ তুলে নিলে দুপুর ২টা থেকে যান চলাচল স্বাভাবিক হয়।

আশা ইউনিভার্সিটির ছাত্র রিয়াজউদ্দিন অপু গত সোমবার বিকালে মোটর সাইকেলে কাকলী মোড় থেকে নৌবাহিনী সদর দফতর দিকে যাচ্ছিলেন। এ সময় পুলিশ সদস্যদের পরিবহনের কাজে ব্যবহৃত একটি বাসের ধাক্কায় অপু রাস্তায় ছিটকে পড়ে মারা যান। একই মোটর সাইকেলে থাকা তার এক বন্ধুও আহত হন। এ ঘটনায় বনানী থানায় মামলা হয়েছে।

অপু নিহত হওয়ার প্রতিবাদে ও দোষীদের শাস্তির দাবিতে গতকাল দুপুর সোয়া ১২টার দিকে মিরপুর সড়কের শ্যামলী অংশে সড়ক অবরোধ করে আশা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শুধু মানববন্ধন করার কথা থাকলেও বিপুল সংখ্যক ক্ষুব্ধ শিক্ষার্থীর উপস্থিতির কারণে উত্তেজনা ছড়িয়ে পড়ে। তারা নিউমার্কেট থেকে গাবতলীমুখী সড়কটি অবরোধ করে যান চলাচল বন্ধ করে দেয়। এ সময় শিক্ষার্থীরা নানারকম শ্লোগান দিতে থাকে। কয়েকজন ছাত্র ৪/৫ টি গাড়িতে ইট-পাটকেল নিক্ষেপ করে। এতে উত্তেজনা আরো ছড়িয়ে পড়ে। তখন পুলিশ কর্মকর্তাদের একটি দল তাদের রাস্তা থেকে সরে যাওয়ার অনুরোধ করলে তারা শান্ত হয়ে অবরোধ কর্মসূচি চালানো কথা জানায়। পরে দুপুর ২টার সামান্য আগে ওই বিশ্ববিদ্যালয়ের ভিসি এসে শিক্ষার্থীদের বুঝিয়ে শান্ত করলে তারা সড়ক অবরোধ তুলে নেয়। এর আগে তারা আগামী শনিবার দুপুরের মধ্যে দোষীদের গ্রেফতার করতে সময় বেঁধে দেয়। এদিকে দীর্ঘ সময় সড়কটি বন্ধ থাকায় স্থবির হয়ে থাকে যানবাহন। অনেক যাত্রীকে হেঁটে গন্তব্যের উদ্দেশে যেতে দেখা যায়।

বনানী থানার পরিদর্শক (তদন্ত) মো. ওয়াহিদুজ্জামান জানান, এ ঘটনায় গাড়ি চালককে আসামি করে মঙ্গলবার মামলা হয়েছে। ঘটনার পর পুলিশের রিকুইজিশন করা গাড়িটি জব্দ এবং চালককে আটক করা হয়েছে।